



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং- ৪২, খাগডহর বাজার, সদর, ময়মনসিংহ।

ফোনঃ ০২-৯৯৭৭১০৪৫০, ০২-৯৯৭৭১০৪৪২

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং: ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/২১৮

তারিখ : ০২/০৬/২০২৬খ্রি:

বিষয়: মাধ্যমিক স্কুল সার্টিফিকেট(এসএসসি) পরীক্ষা-২০২৬ এর ব্যবহারিক উত্তরপত্রসহ সকল উদ্ভূত মালামাল বোর্ডে জমাদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র-২০২৬ এর সম্মানিত কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী মাধ্যমিক স্কুল সার্টিফিকেট-২০২৬ পরীক্ষার ব্যবহারিক পরীক্ষার লিখিত উত্তরপত্র, অব্যবহৃত প্রশ্নপত্র, উপস্থিতিপত্র, ব্যবহারিক অনলাইন নম্বরপত্রের প্রিন্ট কপি ও উদ্ভূত মালামাল (মূল উত্তরপত্র, বহুনির্বাচনী উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, অব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্র, ফয়েল খাম, ট্রাংক, তালা-চাবি, চটের বস্তা ইত্যাদি) বোর্ডে (২নং ভবন, খাগডহর বাজার) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ইতোমধ্যেই যে সকল কেন্দ্র ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করেছেন তাদেরকে নিম্নে নির্ধারিত তারিখের মধ্যে জমাদানের জন্য বলা হলো এবং যারা ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করেননি তাদেরকে উক্ত পরীক্ষা সম্পন্ন করে, আগামী ১৪/০৬/২০২৬ তারিখের মধ্যে জমাদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

বিশেষ দ্রষ্টব্য:

হাজিরাপত্র, অনুপস্থিতি তালিকা, বহিষ্কারের তালিকা, ব্যবহারিক অনলাইন নম্বরপত্রের প্রিন্ট কপি বস্তাবন্দী না করে আলাদাভাবে জমা দিতে হবে। জমা দেওয়ার পূর্বে কেন্দ্রে এক (০১) কপি অবশ্যই স্ক্যান করে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, বোর্ড হতে পরবর্তীতে উল্লিখিত কোন তথ্য সরবরাহ করা হবে না। এ সংক্রান্ত কোনো জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে দায় বহন করতে হবে।

উদ্ভূত মালামাল জমাদানের সময়সূচী

ক্র: নং	জমাদানের তারিখ ও বার	জেলার নাম	উপজেলার নাম	জমাদানের সময়
১.	০৯/০৬/২০২৬, মঙ্গলবার	শেরপুর, নেত্রকোণা	সকল উপজেলা	সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত
২.	১০/০৬/২০২৬, বুধবার	জামালপুর	সকল উপজেলা	সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত
৩.	১১/০৬/২০২৬, বৃহস্পতিবার	ময়মনসিংহ	সকল উপজেলা	সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত

প্রাপক-

কেন্দ্র সচিব

অত্র বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০২৬খ্রিঃ

(প্রফেসর সৈয়দ আব্দুল জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোনঃ ০২-৯৯৭৭১০৪৪২

E-mail: conbisemym@gmail.com

(মোহাম্মদ সিরাজুল ইসলাম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

02.06.26